Deaf Child Worldwide

# ডেফ চাইল্ড ওয়ার্ল্ড-ওয়াইডের বাচ্চাদের সুরক্ষা এবং নিরাপত্তার বিষয়ে ন্যূনতম স্ট্যান্ডার্ড

এই স্ট্যান্ডার্ডগুলিকে সেরা অভ্যাস হিসাবে বিবেচনা করা হয় এবং ডেফ চাইল্ড ওয়ার্ল্ড-ওয়াইড এবং আমাদের পার্টনার সংস্থাগুলির দ্বারা কোন নিরাপত্তা ব্যবস্থা নিতে হবে ও কোন নিরিখে পরিমাপ করতে হবে তার বেঞ্চমার্ক ঠিক করে দিতে ব্যবহার করা হতে পারে।

স্ট্যান্ডার্ডগুলিতে এক সর্বব্যাপী ফ্রেমওয়ার্ক রয়েছে যা আমাদের অংশীদারেরা তাদের নিজস্ব প্রসঙ্গ এবং পরিস্থিতিতে তাদের নীতিগুলিকে কার্যকর করে তুলতে ব্যবহার করতে পারেন।

এই স্ট্যান্ডার্ডগুলির পাশাপাশি আমরা আমাদের অংশীদারদের জন্য শিশু সুরক্ষার প্রশিক্ষণ এবং নীতিগত বিকাশের ব্যবস্থা প্রদান করে থাকি।

# স্ট্যান্ডার্ড 1: নীতি

পার্টনার সংগঠনগুলির সাথে এক চুক্তিতে প্রবেশ করার সময়ে, ডেফ চাইল্ড ওয়ার্ল্ডওয়াইড চায় যে ওই সংগঠনগুলির শিশু সুরক্ষা এবং নিরাপত্তা নীতি যেন ইতিমধ্যেই থাকে অথবা তারা তা গড়ে তুলতে যেন প্রস্তুত থাকে। সকল বাচ্চা এবং অল্পবয়সীদের যাতে কোনও ক্ষতি না হয় তা নিশ্চিত করতে কী ব্যবস্থা রয়েছে এবং নিরাপত্তা নিয়ে প্রশ্ন দেখা দিলে কীভাবে উপযুক্ত পদ্ধতিতে সাড়া দেওয়া হবে তার ব্যাখ্যা নীতিতে থাকতে হবে।

## কেন?

শিশু সুরক্ষা এবং নিরাপত্তা নীতি গড়ে তুলে সংগঠনগুলি সবার কাছে এই বিষয়টি পরিষ্কার করে দেয় যে, তারা বিশ্বাস রাখে যে সব সময়ে বাচ্চাদের সুরক্ষিত রাখতে হবে এবং তাদের কোনও ক্ষতি অথবা অনিষ্ট হতে দেওয়া চলবে না।

নীতিটিতে অবশ্যই:

- ইউনাইটেড নেশনস কনভেনশন অফ দ্য রাইটস অফ দ্য চিলড্রেন (UNCRC) এর মূলনীতিগুলি প্রতিফলিত হতে হবে
- ‘বাচ্চা’, ‘অল্পবয়সী’ এবং ‘অপব্যবহার’ এর সঠিক সংজ্ঞা থাকতে হবে এবং বিভিন্ন ধরনের ক্ষতি ও অপব্যবহারের উল্লেখ থাকতে হবে
- সংগঠনের প্রোগ্রামগুলিতে কর্মী, স্বেচ্ছাসেবক, ইনটার্ন, কনসালটেন্ট, সাইন ল্যাঙ্গুয়েজ ইন্টারপ্রেটার এবং ভিজিটরদের অন্তর্ভুক্ত করতে হবে
- সংগঠনের অভ্যন্তরীণ প্রাসঙ্গিক ম্যানেজমেন্ট কমিটির অনুমোদন এবং সম্মতি থাকতে হবে এবং প্রতি তিন বছর অন্তর পর্যালোচনা করতে হবে
- নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখার বিষয়ে ম্যানেজার, ডিরেক্টর এবং ট্রাস্টিদের দায়দায়িত্ব পরিষ্কার ভাবে উল্লেখ করতে হবে
- সিনিয়র কর্মী অথবা ট্রাস্টিদের বিরুদ্ধে কোনও অভিযোগ উঠলে যে ব্যবস্থা নেওয়া হবে তা উল্লিখিত থাকতে হবে
- উপযুক্ত পদ্ধতিতে প্রচার করতে হবে, বিভিন্ন ভাষায় ও ফর্ম্যাটে অনুবাদ করতে হবে যা বধির বাচ্চাদের ও অল্পবয়সীদের কাছে অ্যাক্সেসযোগ্য হয় এবং বিস্তৃত ভাবে বিতরণ করা যায়।

স্ট্যান্ডার্ড যে পূরণ হয়েছে তার প্রমাণ দিতে নিম্নলিখিত ডকুমেন্ট ব্যবহার করা যাবে।

- ম্যানেজমেন্টের দ্বারা স্বাক্ষরিত এবং দিনাঙ্কিত নীতির একটি কপি।
- নীতি স্থানীয় ভাষাগুলিতে অনুবাদ করা।
- বধির বাচ্চা এবং পরিবার সমেত অন্যান্যদের কাছে নীতি কীভাবে শেয়ার এবং প্রচার করা হয়েছে তার উদাহরণ।

# স্ট্যান্ডার্ড 2: প্রক্রিয়াগুলি

পার্টনার সংগঠনগুলির কাছে অবশ্যই শিশুদের জন্য নিরাপদ পরিবেশ থাকতে হবে অথবা তা তৈরি করতে হবে তাদের বর্তমান ব্যবস্থার সাথে শিশু সুরক্ষা পদ্ধতি এবং প্রক্রিয়া অন্তর্ভুক্ত করে। এই প্রক্রিয়াগুলিতে, শিশু সুরক্ষা এবং নিরাপত্তা নীতি পূরণ করতে প্রয়োজনীয় ধাপগুলির বিস্তারিত ভাবে উল্লেখ থাকতে হবে।

## কেন?

কার্যকর সুরক্ষা প্রক্রিয়া এবং পদ্ধতি সুনিশ্চিত করে যে শিশু সুরক্ষা সংগঠনের সর্বত্র একীভূত করা হয়েছে। সম্ভাব্য এমন যে কোনও নিরাপত্তাগত উদ্বেগ অথবা দুর্ঘটনা সামলাতে সহায়তাকারী কর্মীদলকে আত্মবিশ্বাসী করে তুলতে সাহায্য করে। প্রোগ্রামগুলি এবং সংগঠনগুলি জুড়ে বিপদের সম্ভাবনা কমিয়ে আনে।

অংশীদার সংগঠনগুলিকে অবশ্যই:

- সংগঠনের ভিতরে এবং বাইরে দেখা দেওয়া শিশু সুরক্ষা বিষয়ক উদ্বেগ এবং দুর্ঘটনা সামলাতে স্থানীয় ভাবে উপযুক্ত প্রত্যুত্তর এবং রিপোর্টিং প্রক্রিয়া গড়ে তুলতে হবে
- গোপনীয়তা, ডেটা সুরক্ষা এবং ব্যক্তিগত তথ্য স্টোর করে রাখার পদ্ধতির বিষয়ে কর্মীদের নির্দেশিকা তাদের নীতিতে অন্তর্ভুক্ত করতে হবে
- বাচ্চা এবং অল্পবয়সীদের ফটোগ্রাফ, ফিল্ম এবং কেস স্টাডি ব্যবহারের বিষয়ে নির্দেশিকা তাদের নীতিতে অন্তর্ভুক্ত করতে হবে
- বধির বাচ্চা এবং অল্পবয়সীদের থেকে অবগত সম্মতির এক পদ্ধতি গড়ে তুলতে হবে তাদের ছবি এবং ব্যক্তিগত তথ্য ব্যবহার করার ক্ষেত্রে।

স্ট্যান্ডার্ড যে পূরণ হয়েছে তার প্রমাণ দিতে নিম্নলিখিত ডকুমেন্ট ব্যবহার করা যাবে।

- নিরাপত্তা ব্যবস্থার বিষয়ে উদ্বেগ এবং দুর্ঘটনার বিষয়ে তথ্য কর্মীরা কীভাবে তা নিয়ন্ত্রণ করবেন এবং উর্ধ্বতনদের তা উল্লেখ করবেন তা দেখানোর রিপোর্টিং ফ্লো-চার্ট।
- বধির বাচ্চা এবং অল্পবয়সীদের এবং তাদের পিতামাতার জন্য সম্মতি পত্রের টেমপ্লেট।

# স্ট্যান্ডার্ড 3: মানুষজন

পার্টনার সংগঠনগুলিকে অবশ্যই তাদের সকল কর্মী এবং স্টেক-হোল্ডারদের উপরে পরিষ্কার দায়দায়িত্ব এবং প্রত্যাশা রাখতে হবে এবং শিশু সুরক্ষা ও নিরাপত্তা নীতি এবং প্রক্রিয়ার সাথে তাল মিলিয়ে যাতে তারা কাজ করতে পারেন তার জন্য তাদের অবশ্যই সাহায্য ও সহযোগিতা করতে হবে।

## কেন?

শিশুদের সুরক্ষিত রাখার দায়িত্ব সবার; আমাদের প্রত্যেকেরই এতে পালন করার মত ভূমিকা আছে। সংগঠনগুলিকে সুনিশ্চিত করতে হবে যে, বধির বাচ্চা এবং অল্পবয়সী ও তাদের পরিবার সমেত সংগঠনের সাথে কাজ করেন যারা তারা সবাই যেন নিরাপত্তা ব্যবস্থার বিষয়ে বোঝেন।

অংশীদার সংগঠনগুলিকে অবশ্যই:

- সংগঠনের বিভিন্ন স্তরে কর্মী নিয়োগ করতে হবে, যারা নিরাপত্তা ব্যবস্থার দায়িত্বে থাকবেন এবং তাদের দায়দায়িত্বের কথা তাদের কাজের ভূমিকাতে যেন সুস্পষ্ট ভাবে উল্লেখ করা থাকে
- সুনিশ্চিত করতে হবে যে, নিয়োগের সমস্ত প্রক্রিয়ায় নিরাপত্তা ব্যবস্থা যেন উপলব্ধ থাকে - এর অন্তর্ভুক্ত স্বেচ্ছাসেবক, ইনটার্ন এবং সাইন ল্যাঙ্গুয়েজ ইন্টারপ্রেটারের নিয়োগ
- সুনিশ্চিত করতে হবে যে, সকল কর্মী শিশু সুরক্ষা এবং নিরাপত্তা ব্যবস্থার বিষয়ে সম্পূর্ণ ভাবে প্রশিক্ষিত এবং এই প্রশিক্ষণ প্রতি বছর রিফ্রেশ করতে হবে এবং প্রতি তিন বছরে একবার সম্পূর্ণভাবে পুনর্নবিকৃত করতে হবে
- কর্মীদলের ম্যানেজমেন্টকে যেকোনও সমস্যা অথবা উদ্বেগ নিয়ে আলোচনা করতে শিশু সুরক্ষা ও নিরাপত্তা, তত্ত্বাবধান, দলীয় মিটিং এবং পদোন্নতির কথা বিবেচনা করতে হবে
- শিশু সুরক্ষা এবং নিরাপত্তা নীতির মধ্যে একটি কোড অফ কনডাক্ট নীতি রাখতে হবে, যেখানে কর্মী, স্বেচ্ছাসেবক, ইনটার্ন এবং সাইন ল্যাঙ্গুয়েজ ইন্টারপ্রেটারদের জন্য প্রযোজ্য উপযুক্ত আচরণের কথার উল্লিখিত থাকতে হবে
- নিরাপত্তা নীতি মেনে চলার এক অঙ্গীকারবদ্ধতার এক বিবৃতিতে সকল কর্মী যেন সই করেন
- তারা যে কমিউনিটি এবং পরিবারদের মধ্যে কাজ করেন সেখানে যেন শিশু সুরক্ষা এবং নিরাপত্তার গুরুত্বের বিষয়ে সামগ্রিক ভাবে প্রচার করেন।

স্ট্যান্ডার্ড যে পূরণ হয়েছে তার প্রমাণ দিতে নিম্নলিখিত ডকুমেন্ট ব্যবহার করা যাবে।

- প্রশিক্ষণ প্ল্যান এবং কোর্সে উপস্থিতির রেকর্ডের একটি কপি।
- বিশেষজ্ঞের পরামর্শ এবং তথ্য পেতে কাদের সাথে যোগাযোগ করতে হবে তার তালিকা।
- কর্মী নিয়োগের বিজ্ঞাপনের নমুনা এবং কর্মীদের সাথে করা চুক্তি, দরখাস্ত অথবা রেফারেন্স ফর্মের নমুনা।
- কোড অফ কনডাক্ট।
- কর্মী, পার্টনার, বাচ্চা এবং কমিউনিটি কীভাবে রিপোর্ট করতে পারবে তার বিষয়ে নির্দেশিকা।


দ্য ন্যাশনাল ডেফ চিলড্রেন'স সোসাইটি ইংল্যান্ড এবং ওয়েল্স নম্বর 1016532 এবং স্কটল্যান্ড নম্বর SC040779 নিবন্ধিত চ্যারিটি সংগঠন।